

বিবিসিকে প্রধানমন্ত্রী

মেয়েদের শিক্ষার সুযোগ দিলে বাল্যবিয়ে কমানো সম্ভব

জনকণ্ঠ ডেস্ক ৷ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিয়ে একটি মেয়ের জীবনের একমাত্র লক্ষ্য হতে পারে না। মেয়েদের যদি শিক্ষার সুযোগ দেয়া হয়, তাদের কাজের সুযোগ দেয়া হয়, তবে বাল্যবিয়ে কমানো সম্ভব। বুধবার রাতে বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস টেলিভিশনে প্রচারিত এক অনুষ্ঠানে এ কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিবিসির এ অনুষ্ঠানটি উপস্থাপন করেন মিশাল হুসেন। রাজধানীর কাওরানবাজার থেকে সরাসরি প্রচারিত এ অনুষ্ঠানের মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাতকার প্রচার করা (১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

মেয়েদের শিক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

হয়। এতে বলা হয়, জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে মাতৃমৃত্যু হার কমানো, নবজাতক মৃত্যু হার কমানো, শিশুদের ক্ষুধে ভর্তি হার বাড়ানোসহ কয়েকটি ক্ষেত্রে বাংলাদেশ বেশ সফলতা পেয়েছে। এ সময় প্রচারিত সাক্ষাতকারে এমডিজি অর্জনে বাংলাদেশের অবস্থান এবং সামাজিক খাতে দেশের অগ্রগতি নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন প্রধানমন্ত্রী।

বাল্যবিয়ে প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, আইন করেই শুধু এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসা যাবে না, মেয়েদের সক্ষম করে তুললেই এই প্রবণতা কমবে।

প্রধানমন্ত্রী বাল্যবিয়াকে একটি সামাজিক চাপ হিসেবে উল্লেখ করেন। শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের দেয়া সুযোগ-সুবিধার চিত্র তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আমরা ক্ষুধে বিনামূল্যে বই সরবরাহের ব্যবস্থা করেছি। এখন কোন বাবামাকে সন্তানের বই কেনার বিষয়ে ভাবতে হয় না।